



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.৮৯.২০১৮/ ১৫৬৫/৫

তারিখ: ১৬/১২/২০২০খ্রি.

বিষয়ঃ কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলাধীন চৌয়ারা আদর্শ ডিগ্রি কলেজের সাবেক অধ্যক্ষ এর বকেয়া প্রদান প্রসঙ্গে।

সূত্র: রীট পিটিশন নং-৭৭০৬/২০১০ ও ৩৬৭৭/২০২০

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলাধীন চৌয়ারা আদর্শ ডিগ্রি কলেজের সাবেক অধ্যক্ষ মো: সুলতান আহম্মদ গত ১২/০২/১৯৭৬ তারিখ হতে প্রভাষক (বাংলা) ও ১৮/০১/১৯৮৯ তারিখ হতে ১৮/০১/২০০৪ ইং তারিখ পর্যন্ত অধ্যক্ষ পদে দায়িত্ব পালন করেন। মামলা জনিত কারণে ১৯/০১/২০০৪ তারিখ হতে ০৫/০৮/২০১১ তারিখ পর্যন্ত বকেয়া বাবদ ১৪,৭৩,৬২৫/৫৫ উত্তোলন করতে পারেন নাই। বিধায় তিনি উক্ত টাকা উত্তোলনের আবেদন করেন। বর্ণিত বিষয়ে বিজ্ঞ আইন উপদেষ্টা মতামত প্রদান করেন।

বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতঃ

১) রীট পিটিশন নং-৭৭০৬/২০১০ মামলাটির বিষয়ে বিগত ২৬/৯/২০১০ তারিখে বিবাদীগণের প্রতি রুল জারীসহ অন্তর্বর্তীকালীন আদেশে বর্ণিত কলেজের অধ্যক্ষ নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তিকে ৩ (তিন) মাসের জন্য স্থগিত করেন। উল্লেখ্য যে, বর্ণিত রীটে মহাপরিচালক, মাউশি বিবাদী নেই। বিধায় ভারপ্রাপ্ত অধ্যক্ষকে প্রতিদক্ষিতা করে নিষ্পত্তির জন্য পত্র প্রেরণ করা যায়।

২) রীট পিটিশন নং-৩৬৭৭/২০১০এর মামলাটি চৌয়ারা আদর্শ ডিগ্রি কলেজের সাবেক অধ্যক্ষ মো: সুলতান আহম্মদ-এর বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্তির বিষয়ে দায়ের করেন। বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্তির জন্য তিনি জাতীয় বিশ্ববিদ্যালয়ে আবেদন করেন এবং অধিদপ্তরকে অনুলিপি প্রদান করেন। উক্ত রীটে বিবাদীগণের প্রতি রুলনিশি জারীসহ অন্তর্বর্তী কালীন আদেশ প্রদান করেন। উক্ত আদেশে মহামান্য হাইকোর্ট বিভাগ বিবাদীগণকে পিটিশনারের ১৭/২/২০২০ তারিখের আবেদন বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য নির্দেশ দেয়া হয় এবং আদেশে আবেদনের বিষয়টি ৩০ দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য বলা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশ অনুসারে পিটিশনারের ১৭/২/২০২০ তারিখের আবেদন বিধি মোতাবেক নিষ্পত্তি করতে হবে এবং পিটিশনারকে অবহিত করতে হবে।

এমতাবস্থায়, বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতের প্রেক্ষিতে কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলাধীন সাবেক অধ্যক্ষ-এর সূত্রোক্ত রীটের আলোকে পিটিশনারের ১৭/০২/২০২০ তারিখের আবেদন বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬/১২/২০২০
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@ dshe.gov.bd

অধ্যক্ষ

চৌয়ারা আদর্শ ডিগ্রি কলেজ

কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা;

২। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা;

৩। সভাপতি, পরিচালনা পরিষদ, চৌয়ারা আদর্শ ডিগ্রি কলেজ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

৫। সংরক্ষণ কপি।